

মন কেন  
আইয়ুব আহমেদ দুলাল

E-mail:- ayubalibd@hotmail.com

জানিনা কেন মনে পড়ে শুধু  
বিশাল পৃথিবী মনে হয় ধু ধু,  
রিক্ত হস্তে ভুলিবার ওয়ান্তে এসেছিলাম প্রবাসে  
তবুও মন বলে, তুমি রয়েছ আমারই পাশে ।

যৌবনের স্বাদ নিয়েছ অবাধ, একটুও করনি আপত্তি  
হৃদয় জুড়ে ভালবাসা ছিল মোর, ছিলনা অর্থ প্রতিপত্তি,  
ব্যথা দিয়ে গেলে তবু বললে না কভু, একটু ভালবেসে  
তবুও মন বলে, তুমি রয়েছ আমারই পাশে ।

তপ্ত নয়নে উষ্ণ বদনে করিছিলাম আলিঙ্গন  
বন্ধ পুকুরে ঢেউয়ের দাপটে ছিল উত্তপ্ত প্রাঙ্গন,  
দিন চলে গেল দুঃসহ যন্ত্রণায় সুপ্ত দীর্ঘশ্বাসে  
তবুও মন বলে, তুমি রয়েছ আমারই পাশে ।

তোমাকে স্মরণ, যেন মোর মরণ, হৃদয়টা খন্ড খন্ড  
অস্থির থাকি সারাক্ষণ শুধু, স্বস্তি পাই না দু'দন্ড,  
কী করে বাঁচব আমি, কপালে যে কী আছে  
তবুও মন বলে, তুমি রয়েছ আমারই পাশে ।

জানি সুখে আছ তুমি, বেদনার মাঝে আমি  
জানতে চাইলে না কবু, একবারও তবু  
কেমন আছি(?) ভালবেসে না হোক ঘৃণার বশে,  
তবুও মন কেন বলে, তুমি রয়েছ আমারই পাশে ।